বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
বিকেআইআইসিটি শাখা
www.bcc.gov.bd
আগারগাঁও, ঢাকা (জনপ্রশাসন পদক প্রাপ্ত একটি প্রতিষ্ঠান)

**স্মারক নম্বর:** ৫৬.০১.০০০০.০০০.০১০.২৭.০০০১.১৬.৬৪

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩৩
১৪ জুলাই ২০২৬

**বিষয়: আইসিটি বিভাগের আওতায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক ২০২৬-২০২৭ অর্থবছরের জুলাই-ডিসেম্বর ২০২৬ সেশনে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গে।**

উল্লেখিত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের তত্বাবধানে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল দেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে যাচ্ছে। এ প্রতিষ্ঠানের ট্রেনিং ইনস্টিটিউট, বাংলাদেশ কোরিয়া ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (বিকেআইআইসিটি) তথ্য প্রযুক্তি বিষয়ে সরকারি এবং বেসরকারি পর্যায়ে দক্ষ মানবসম্পদ উন্নয়নে দীর্ঘ ২১ বছর যাবৎ অত্যন্ত সুনাম ও দক্ষতার সাথে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে।

২। চলমান অর্থবছরে (২০২৬-২০২৭) **'জুলাই-ডিসেম্বর ২০২৬'** সেশনে সিডিউলে বর্ণিত (সংযুক্ত) কোর্সসমূহ পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্ণিত কোর্সসমূহে আপনার দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীর তথ্য প্রযুক্তিতে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ গ্রহণের লক্ষ্যে আগ্রহী কর্মকর্তা/ কর্মচারীদের নির্ধারিত সময়ের মধ্যে নিম্নের ছক মোতাবেক আবেদন ও মনোনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | কর্মস্থলের ঠিকানা | ফোন/মোবাইল নম্বর | ই-মেইল |
|---|---|---|---|---|
| | | | | |

উল্লেখ্য, সরকারের বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভিন্ন দপ্তর-সংস্থার চাহিদা এবং প্রয়োজনীয়তার ভিত্তিতে বিভিন্ন কাস্টিমাইজড কোর্স পরিচালনা করা হয়।

৩। মনোনীত কর্মকর্তা/ কর্মচারীগণকে পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের স্ক্যান কপিসহ বিসিসি'র ওয়েবসাইট bkiict.bcc.gov.bd/admission থেকে অনলাইনে আবেদন ফরম পূরণ পূর্বক সরাসরি যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৪। বিসিসি'র বিকেআইআইসিটি সরকারি প্রতিষ্ঠানের জনবল নিয়োগ ও পদোন্নতি পরীক্ষা-বিশেষত সহকারী প্রোগ্রামার, কম্পিউটার অপারেটর, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদসমূহের স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্ট/ব্যবহারিক পরীক্ষা নিজস্ব উন্নয়নকৃত REMS সফটওয়্যারের মাধ্যমে শতভাগ স্বচ্ছতা, জবাবদিহিতা ও মূল্যায়নের ভিত্তিতে পরিচালনা করা হয়। [যোগাযোগ: ফোন: ০২-৫৫০০৬৮২৪; মোবাইল: ০১৭২৪-৩৩৫৪৫০, ০১৬২৪-৮২৪৩৪৯, ০১৭৩৮-০৮২৫২৯, ০১৫১৬-৭৫৯৪৯৮, ০১৭৬১-২৬৪৬৬৩]

৫। উপরোক্ত বিষয়ে আপনার সদয় সহযোগিতা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: জুলাই-ডিসেম্বর'২০২৬ সেশনের প্রশিক্ষণ ক্যালেন্ডার।

**সংযুক্তিঃ**

(১) Signed Training SChedule_Jul-Dec26

RSMallik
১৪-০৭-২০২৬
নাহিদ সুলতানা মল্লিক
নির্বাহী পরিচালক ও অতিরিক্ত সচিব

# বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
বিকেআইআইসিটি ইউনিট

ফোনঃ +৮৮-০২ ৫৫০০৬৮২৪, ফ্যাক্সঃ ৮৮০-২-৫৫০০৬৭৯১, E-mail: bkiict@bcc.gov.bd, Web Site: www.bcc.gov.bd
আইসিটি টাওয়ার, প্লট নং- ই-১৪/এক্স, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
(জনপ্রশাসন পদক প্রাপ্ত একটি প্রতিষ্ঠান)

স্মারক নং- ৫৬.০১.০০০০.০১০.২৫.০০১.২৫-৭১৫৫ তারিখ: ০১/০৭/২০২৬ খ্রি:

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক 'জুলাই-ডিসেম্বর ২০২৬' সেশনের নিম্নবর্ণিত প্রশিক্ষণ সিডিউল অনুযায়ী কোর্সসমূহ পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত সময়ের মধ্যে প্রাকযোগ্যতা অনুযায়ী আবেদন করতে অনুরোধ করা যাচ্ছে।

**Training Schedule for July to December 2026 Session**

| Shift | Name of Training Course | Duration (Hrs) | Course Fee | Last Date of Registration | Pre-requisite |
|---|---|---|---|---|---|
| Evening | Post Graduate Diploma in ICT | 600 Hrs | 30000.00 | 31.08.2026 | Graduation from any discipline |
| Evening | Diploma in ICT | 600 Hrs | 25000.00 | 30.08.2026 | H.S.C/Equivalent |
| Evening | Database Application Development using Oracle with Database Administration **(Only for ICT Professionals)** | 156 Hrs | 20000.00 | 23.08.2026 | Graduation from any discipline |
| Evening | Mobile Apps Development & Design using Flutter | 120 Hrs | 12000.00 | 23.08.2026 | H.S.C/Equivalent |
| Evening | Data Science & Machine Learning (ML) using Python | 120 Hrs | 12000.00 | 23.08.2026 | H.S.C/Equivalent |
| Weekend/ Evening | Certified Ethical Hacker **(Exam preparation)** | 40 Hrs | 12000.00 | 31.08.2026 | Graduation from any discipline |
| Evening | Website Design, Development and Outsourcing Techniques | 120 Hrs | 10000.00 | 23.08.2026 | H.S.C/Equivalent |
| Evening | Digital Marketing based on AI | 120 Hrs | 8000.00 | 23.08.2026 | S.S.C/Equivalent |
| Evening | Cyber Security Essentials | 45 Hrs | 7500.00 | 16.08.2026 | Graduation from any discipline |
| Weekend/ Evening | Advanced Cyber Security **(Only for ICT Professionals)** | 45 Hrs | 7500.00 | 16.08.2026 | Graduation from any discipline |
| Evening | Data Analytics and Data Driven Decision Making | 45 Hrs | 7500.00 | 18.08.2026 | Graduation from any discipline |
| Evening | Introduction to Public Procurement Management **(Only for Govt. Officials)** | 28 Hrs | 7000.00 | 18.08.2026 | Graduation from any discipline |
| Evening | Advanced Office Application specialized in Excel and Access | 90 Hrs | 6000.00 | 18.08.2026 | H.S.C/Equivalent |
| Evening | Smart Office Management and AI Tools | 90 Hrs | 6000.00 | 23.08.2026 | S.S.C/Equivalent |
| Evening | Python Programming | 75 Hrs | 5000.00 | 31.08.2026 | S.S.C/Equivalent |
| Weekend/ Evening | AI Applications and Digital Fact Checking **(Only for Govt. Officials)** | 18 Hrs | 5000.00 | 18.08.2026 | Graduation from any discipline |
| Evening | Sustaining Digital Transformation through Change and Stakeholder Management **(Only for Govt. Officials)** | 18 Hrs | 5000.00 | 18.08.2026 | Graduation from any discipline |
| Evening | Maintenance & Troubleshooting of Computer Hardware and Network (MTCHN) | 90 Hrs | 5000.00 | 18.08.2026 | S.S.C / Equivalent |
| Weekend | Robotics for Juniors | 60 Hrs | 3000.00 | 31.08.2026 | Class VI to X |

[Evening: 5:30 PM-8:30 PM, Weekend: Friday & Saturday (Morning / Afternoon)]

**ভর্তি পদ্ধতি:**

১। আগ্রহী প্রার্থীগণকে পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের স্ক্যান কপিসহ বিসিসি'র ওয়েবসাইট bkiict.bcc.gov.bd/admission থেকে অনলাইনে আবেদন ফরম পূরণ পূর্বক সরাসরি যোগাযোগ করে কোর্স ফি যে কোন ব্যাংক থেকে **"বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল"** বরাবর পে-অর্ডার করে কোর্স শুরুর পূর্বে বিসিসি'র বিকেআইআইসিটি-তে জমা দেওয়ার অনুরোধ করা হলো।

২। কোর্স ফি পরিশোধ এবং অন্যান্য প্রয়োজনীয় শর্ত পূরণ সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

৩। প্রতিটি কোর্সের আসন সংখ্যা ২০, এক্ষেত্রে **'আগে আসলে আগে ভর্তি হওয়ার সুযোগ পাবেন'** ভিত্তিতে ভর্তি করা হবে।

[যোগাযোগঃ ফোন: ০২-৫৫০০৬৮২৪, মোবাইল: ০১৭২৪-৩৩৫৪৫০, ০১৬২৪-৮২৪৩৪৯, ০১৭৩৮-০৮২৫২৯, ০১৫১৬-৭৫৯৪৯৮,০১৭৬১২৬৪৬৬৩]

০১/০৭/২০২৬
(মোঃ গোলাম রব্বানী)
পরিচালক
বিকেআইআইসিটি, বিসিসি